গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
প্রশাসন-২ অধিশাখা

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ২০২৩-২৪ অর্থবছরের খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি পর্যালোচনাপূর্বক খসড়া চূড়ান্তকরণ সভার কার্যবিবরণী।

সভাপতি	ড. মোঃ খায়েরুজ্জামান মজুমদার সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
সভার তারিখ	৩০-০৪-২০২৩
সভার সময়	দুপুর-০২.৩০ ঘটিকা
স্থান	অনলাইন জুম প্ল্যাটফর্ম
উপস্থিতি	রেকর্ডেড

২.০ **আলোচনা:**

২.১। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে এপিএ টিমের ফোকাল পয়েন্ট ও যুগ্মসচিব (প্রশাসন-২) মোহাম্মদ ফারুক হোসেন সভার কার্যপত্র পাওয়ার পয়েন্টে উপস্থাপন করেন। তিনি জানান যে, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়ন, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২৩-২৪ অনুযায়ী মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি বাস্তবায়ন, সরকারের নির্বাচনী ইশতেহারে প্রদত্ত প্রতিশ্রুতি বাস্তবায়ন, মন্ত্রিপরিষদ বিভাগের সিদ্ধান্ত বাস্তবায়ন, ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনার বাস্তবায়ন, এসডিজি'র সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের goal/indicator অর্জনের লক্ষ্যমাত্রা নির্ধারণ, SMART বাংলাদেশ বিনির্মাণে গৃহীত পদক্ষেপ ও শূন্যপদ পূরণ সংক্রান্ত লক্ষ্যমাত্রাসমূহ অন্তর্ভুক্ত করে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ২০২৩-২৪ অর্থবছরের খসড়া এপিএ প্রস্তুত করা হয়। এছাড়া, অন্য মন্ত্রণালয়/বিভাগের যে সকল বিষয় এ বিভাগের এপিএ'তে অন্তর্ভুক্তির বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা পাওয়া গেছে সে সকল বিষয়সমূহ যথাসম্ভব খসড়া এপিএ'তে অন্তর্ভুক্ত করা হয়েছে। প্রস্তুতকৃত খসড়া এপিএ'র উপর গত ২৭-০৪-২০২৩ তারিখে অনুষ্ঠিত এপিএ পর্যালোচনা সভায় বিস্তারিত আলোচনা ও সংশোধন করা হয়। তিনি উল্লেখ করেন যে, সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত অদ্যকার সভায় বিস্তারিত আলোচনা ও প্রয়োজনীয় সংশোধনীর পর খসড়া এপিএ'টি এ বিভাগের বিএমসি সভায় অনুমোদন গ্রহণ করে আগামী ০৭-০৫-২০২৩ তারিখের মধ্যে এপিএএমএস সফটওয়্যারে দাখিল করা হবে।

২.২। যুগ্মসচিব (প্রশাসন-২) আরো জানান যে, এ বিভাগের ২০২৩-২৪ অর্থবছরের খসড়া এপিএ'তে ৫টি কৌশলগত উদ্দেশ্য, ৩২টি কার্যক্রম এবং ৪৫টি কর্মসম্পাদন সূচক অন্তর্ভুক্ত করা হয়েছে। এ বিভাগের ২০২৩-২৪ অর্থবছরের খসড়া এপিএ সভায় পর্যালোচনাপূর্বক নিম্নরূপভাবে মতামত প্রদান করা হয়:

কার্যক্রমের ক্রমিক	এ বিভাগের ২০২৩-২৪ অর্থবছরের খসড়া এপিএ'তে অন্তর্ভুক্ত কর্মসম্পাদন সূচক	খসড়া এপিএ'তে লক্ষ্যমাত্রা	সভার পর্যবেক্ষণ/মতামত

[১.১]	[১.১.১] উৎপাদিত গ্যাস (আইওসি)	৪৭৫ বিসিএফ	পেট্রোবাংলার পরিচালক (প্রশাসন) জানান যে, পেট্রোবাংলার ২০২৩-২৪ অর্থবছরের এপিএ'তে উৎপাদিত গ্যাস আইওসি ও জাতীয় কোম্পানি পৃথকভাবে সূচক না দেখিয়ে একত্রে 'উৎপাদিত গ্যাস' হিসেবে দেখানো হয়েছে এবং লক্ষ্যমাত্রা দুটি'র যোগফল দেখানো হয়েছে। যেহেতু গ্যাস উৎপাদনের ক্ষেত্রে কূপের variation এর কারণে আইওসি বা জাতীয় কোম্পানির উৎপাদন কখনো কখনো কম/বেশি হয় সেহেতু এ দুটি সূচক একত্রে 'উৎপাদিত গ্যাস' হিসেবে এবং লক্ষ্যমাত্রা একত্রে বিবেচনা করা যুক্তিযুক্ত হবে মর্মে সভায় মতামত ব্যক্ত করা হয়। এক্ষেত্রে সূচকটির মান কমিয়ে ৩(তিন) করার বিষয়েও মতামত ব্যক্ত করা হয়।
	[১.১.২] উৎপাদিত গ্যাস (জাতীয় কোং)	২২৫ বিসিএফ	
[১.৫]	[২.১.১] আমদানিকৃত এলএনজি	৩৯ লক্ষ মে.টন	পেট্রোবাংলার প্রতিনিধি জানান যে, স্পট মার্কেট থেকে এলএনজি আমদানির কার্যক্রম গ্রহণ করা হয়েছে এবং আমদানির পরিমাণ অনুযায়ী লক্ষ্যমাত্রা ঠিক আছে। তবে যেহেতু স্পট মার্কেট হতে এলএনজি আমদানি করা হবে সেহেতু মূল্য অস্থিতিশীলতা বিবেচনায় টার্গেটটি চ্যালেঞ্জিং হিসেবে বিবেচনা করা যেতে পারে।
[২.১]	[২.১.১] প্রিলিমিনারি স্টাডির কার্যক্রম সম্পাদনকৃত	২০-০৬-২০২৪	বিসিএমসিএল এর প্রতিনিধি জানান যে, গত অর্থবছরে আলীহাট আয়রন ফিল্ডের প্রিলিমিনারি স্টাডির ইন্টারিম রিপোর্ট প্রণয়নের টার্গেট ছিলো। ২০২৩-২৪ অর্থবছরের খসড়া এপিএ'তে প্রিলিমিনারি স্টাডির কার্যক্রম সম্পন্নের টার্গেট গ্রহণ করা হয়েছে। সূচকটির নাম ও কার্যক্রমের নাম যথাযথ হয়েছে কিনা সে বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। কার্যক্রমের নাম 'আলীহাট আয়রন ওর ফিল্ডের বোরহোল খনন ও রিপোর্ট প্রণয়ন' এবং সূচকের নাম 'বোরহোল খননপূর্বক রিপোর্ট প্রণয়নকৃত' রাখার বিষয়টি আরো পর্যালোচনা করে দেখার জন্য সভায় মাতমত ব্যক্ত করা হয়।
[২.১০]	প্রস্তুতকৃত ড্যাশবোর্ড	১৩-০৬-২০২৪	যুগ্মসচিব (প্রশাসন-২) জানান যে, SMART বাংলাদেশ বিনির্মাণের অংশ হিসেবে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা/কোম্পানীর গুরুত্বপূর্ণ তথ্যসমূহ ড্যাশবোর্ডে অন্তর্ভুক্ত করার লক্ষ্যে সূচকটি নেয়া হয়েছে। লক্ষ্যমাত্রা অনুযায়ী ড্যাশবোর্ড প্রস্তুত করা সম্ভব হবে এবং লাইভে নেয়া যাবে মর্মে হাইড্রোকার্বন ইউনিটের প্রতিনিধি সভায় মতামত ব্যক্ত করেন।
[৩.১]	২ডি সিসমিক জরিপকৃত	৯০০ লা. কি.মি.	ব্যবস্থাপনা পরিচালক, বাপেক্স জানান যে, ২০২৩-২৪ অর্থবছরের জন্য ২ডি সিসমিক জরিপ চাঁদপুর নদী অববাহিকা নির্ধারণ করা হয়েছে। নদী অববাহিকায় সিসমিক জরিপ কার্যক্রম অপেক্ষাকৃত কঠিন হওয়ায় গত অর্থবছরের টার্গেট থেকে কিছুটা কম নির্ধারণ করা হয়েছে।
[৩.১]	৩ডি সিসমিক জরিপকৃত	৪৫০ লা.কি.মি.	৩ডি সিসমিক জরিপ কার্যক্রমের লক্ষ্যমাত্রার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। গত অর্থবছরের সাথে সামঞ্জস্য রেখে লক্ষ্যমাত্রা ৪০০ লাইন কি.মি. রাখার বিষয়ে সভায় মতামত ব্যক্ত করা হয়।
[৩.২]	জ্বালানির উৎস অনুসন্ধানকৃত	২টি	পেট্রোবাংলার পরিচালক (পিএসসি) জানান যে, শেভরণ কর্তৃক নতুন একটি অনুসন্ধান কূপের খনন কার্যক্রম শীঘ্রই শুরু হবে, যা আগামী জুন/২০২৪ এর মধ্যেই সম্পন্ন হবে। ব্যবস্থাপনা পরিচালক, এসজিএফএল জানান যে, সিলেট-১০ অনুসন্ধান কূপের খনন কার্যক্রম শীঘ্রই শুরু হবে, যা ডিসেম্বর/২০২৩ এর মধ্যে সম্পন্ন হবে। এ দুটি কূপের কার্যক্রম বিবেচনায় জ্বালানির উৎস অনুসন্ধানকৃত সূচকের লক্ষ্যমাত্রা ২টি সঠিক রয়েছে মর্মে সভায় মতামত ব্যক্ত করা হয়।
[৩.৩]	ভূতাত্ত্বিক ও ভূপ্রাকৃতিক মানচিত্রায়ন সংক্রান্ত ৪টি সূচক	মোট ২০২৬ বর্গ কি.মি. মোট মান-২	সভায় এ সূচক চারটির বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। মহাপরিচালক, জিএসবি জানান যে, নির্ধারিত সময়ের মধ্যেই এ সূচক চারটির লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হবে। কাজের পরিধি বিবেচনায় এ সূচক চারটিতে নম্বর বাড়িয়ে ১+১+১+১ = ৪ করার বিষয়ে সভায় মতামত ব্যক্ত করা হয়।

[৩.৪]	বিপণনকৃত কঠিন শিলা	৪ লক্ষ মে. টন	ব্যবস্থাপনা পরিচালক, এমজিএমসিএল জানান যে, গত অর্থবছরে কঠিন শিলা বিপণনের লক্ষ্যমাত্রা ৪ লক্ষ মে.টন ছিলো, যা আগামী দু/এক সপ্তাহের মধ্যে অর্জন করা সম্ভব হবে। নতুন অর্থবছরে ৪ লক্ষ মেট্রিক টন লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হবে মর্মে তিনি আশাবাদ ব্যক্ত করেন।
[৩.৫]	আদায়কৃত রয়্যালটি	৬০ কোটি টাকা	সভায় জানানো হয় যে, এ সূচকের কার্যক্রমের নাম 'খনিজ সম্পদ লিজের মাধ্যমে রয়্যালটি আদায়' রয়েছে। যেহেতু লিজ ছাড়াও অন্যান্য আহরণও এর সাথে জড়িত রয়েছে সেহেতু কার্যক্রমের নামটি পরিবর্তন করা প্রয়োজন মর্মে বিএমডি হতে জানানো হয়েছে। সভাপতি কার্যক্রমের নাম 'খনিজ সম্পদ খাত হতে রয়্যালটি ও অন্যান্য রাজস্ব আদায়' রাখার বিষয়ে নির্দেশনা প্রদান করেন।
[৪.২]	নির্মিত পাইপলাইন	৫ কি.মি.	ব্যবস্থাপনা পরিচালক, পিওসিএল জানান যে, ইন্ডিয়া-বাংলাদেশ ফ্রেন্ডশীপ পাইপলাইনের ট্যাপ অব পয়েন্ট হতে সৈয়দপুর বিদ্যুৎকেন্দ্র পর্যন্ত পাইপলাইন নির্মাণে যে লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে তা অর্জন করা সম্ভব হবে।
[৪.৫]	সম্প্রসারিত গ্যাস বিতরণ পাইপলাইন	৬০ কি.মি.	পেট্রোবাংলার প্রতিনিধি জানান যে, ৬টি গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানীর পাইপলাইন এক্সপানসন ও রিপ্লেসমেন্ট কার্যক্রম রয়েছে। উক্ত ৬টি ডিস্ট্রিবিউশন কোম্পানীর টার্গেটসমূহ একত্র করে এ লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে, যা অর্জন করা সম্ভব হবে মর্মে সভায় মতামত ব্যক্ত করা হয়।
[৫.১]	আমদানিকৃত পরিশোধিত তেল	৫২ লক্ষ মে.টন	বিপিসি'র পরিচালক (বিপণন) জানান যে, সম্প্রতি ডিজেলের বিক্রয় কিছুটা হ্রাস পেয়েছে। ফলে লক্ষ্যমাত্রা ৫২ লক্ষ মে.টন এর পরিবর্তে ৫০ লক্ষ মে.টন রাখার জন্য তিনি প্রস্তাব করেন। বিষয়টি বিস্তারিত পর্যালোচনাপূর্বক লক্ষ্যমাত্রা ৫০ লক্ষ মে.টন রাখার জন্য সভায় মতামত ব্যক্ত করা হয়।
[৫.৩]	বিপণনকৃত পেট্রোলিয়াম পণ্য	৬২ লক্ষ মে.টন	বিপিসি'র পরিচালক (বিপণন) জানান যে, সম্প্রতি ডিজেলের চাহিদা কিছুটা হ্রাস পেয়েছে এবং পাওয়ার প্ল্যান্টসমূহে ফার্নেস অয়েলের চাহিদা বেড়ে গেছে। এ লক্ষ্যে বিপণনকৃত পেট্রোলিয়াম পণ্যের লক্ষ্যমাত্রা হ্রাস করা প্রয়োজন। বিষয়টি বিস্তারিত পর্যালোচনাক্রমে গত অর্থবছরের সাথে সংগতি রেখে লক্ষ্যমাত্রা ৫০ লক্ষ মে.টন করার বিষয়ে মতামত ব্যক্ত করা হয়।

২.৩। সভায় এ বিভাগের ২০২৩-২৪ অর্থবছরের খসড়া এপিএ'তে অন্তর্ভুক্ত উল্লিখিত সূচক ছাড়াও অন্যান্য সূচকের লক্ষ্যমাত্রার বিষয়টি পর্যালোচনাপূর্বক সঠিক রয়েছে মর্মে মতামত ব্যক্ত করা হয়। কোন কোন সূচকের গণনা পদ্ধতি, একক ও লক্ষ্যমাত্রার ঘরসমূহে প্রদত্ত মান অসংগতি থাকায় তা সংশোধনের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। সভাপতি বলেন যে, সভার পর্যবেক্ষণ/মতামত অনুযায়ী এ বিভাগের ২০২৩-২৪ অর্থবছরের খসড়া এপিএ সংশোধনপূর্বক দ্রুত বাজেট ম্যানেজমেন্ট কমিটির অনুমোদন নিয়ে খসড়াটি এপিএএমএস সফটওয়্যারে দাখিল করতে হবে। খসড়াটি অনুমোদিত হওয়ার পর টার্গেট অনুযায়ী ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নে এখন হতে তৎপর হওয়ার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।

৩। সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রমিক	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
৩.১	জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ২০২৩-২৪ অর্থবছরের খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সভার পর্যবেক্ষণ/মতামতের আলোকে প্রয়োজনীয় সংশোধনপূর্বক দ্রুত বাজেট ম্যানেজমেন্ট কমিটির অনুমোদনের জন্য উপস্থাপন করতে হবে।	এপিএ টিম/ফোকাল পয়েন্ট/বাজেট অধিশাখা
৩.২	২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুমোদনের পর বাস্তবায়নের লক্ষ্যে এখন হতে তৎপর হতে হবে।	এপিএ টিম/দপ্তর/ সংস্থা/কোম্পানী

৪। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

ড. মোঃ খায়েরুজ্জামান মজুমদার
সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

স্মারক নম্বর: ২৮.০০.০০০০.০২১.৪৫.০০১.২২.১৮৪

তারিখ: ১৯ বৈশাখ ১৪৩০
০২ মে ২০২৩

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ
২) চেয়ারম্যান, চেয়ারম্যান-এর দপ্তর, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন
৩) চেয়ারম্যান, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)
৪) সকল কর্মকর্তা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
৫) এপিএ টিম, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
৬) মহাপরিচালক (অতিরিক্ত সচিব), বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
৭) মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)
৮) প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ, প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ এর কার্যালয়, বিস্ফোরক পরিদপ্তর
৯) মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
১০) মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব) (অতিরিক্ত দায়িত্ব), হাইড্রোকার্বন ইউনিট
১১) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
১২) প্রধানমন্ত্রীর বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ বিষয়ক উপদেষ্টার একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
১৩) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
১৪) ব্যবস্থাপনা পরিচালক (সকল), পেট্রোবাংলা ও বিপিসি'র আওতাধীন কোম্পানীসমূহ
১৫) প্রোগ্রামার, আইসিটি শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

মোহাম্মদ ফারুক হোসেন
যুগ্মসচিব